সিলেট-৩১১৪
রেজিস্ট্রার দপ্তর
প্রাপ্তি নং- 698
তারিখ: 20/3/2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বীমা-২ শাখা
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০৩.২৪-৭১

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : বৃত্তি বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ ও শিক্ষার্থীদের অবহিতকরণ প্রসংগে।

সূত্র : এ বিভাগের জারিকৃত বিজ্ঞপ্তি নং-নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০৩.২৪-৬৬; তারিখ: ১১-০২- ২০২৫ খ্রি.

দেশের বীমা শিল্পে ডিগ্রিধারী একচ্যুয়ারির সংখ্যা বৃদ্ধি করার লক্ষ্যে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির মডিউল ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বৃত্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। বৃত্তি বিজ্ঞপ্তিটি অধিকতর প্রচারের লক্ষ্যে তাঁর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ ও শিক্ষার্থীদের অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনানুযায়ী ০১ (এক) পৃষ্ঠা।

(মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার)
উপসচিব
ফোন: ০২-৫৫১০১৩৮৭
ds.insurance@fid.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৩। রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৪। রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
৫। রেজিস্ট্রার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৬। রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, চিত্তরঞ্জন এ্যাভিনিউ, ঢাকা।
৭। রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৮। রেজিস্ট্রার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।
৯। রেজিস্ট্রার, নর্থ সাউথ ইউনিভার্সিটি, ঢাকা।
১০। রেজিস্ট্রার, ব্র্যাক ইউনিভার্সিটি, মহাখালী ঢাকা।

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০৩.২৪-৭১/১(৪)

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিনিয়র সহকারী সচিব, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (বীমা ও পুঁজিবাজার অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। যুগ্মসচিব (বীমা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ।

(মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার)
উপসচিব

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

বিজ্ঞপ্তি

স্মারক নং একা-২০০৮/১২৩/ 8/ 697

তারিখ: 2/3/25

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো এবং সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীদের কে অবহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বীমা-২ শাখা
www.fid.gov.bd

তারিখ: ২৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

৫৩.০০.০০০০.৪১১.২৪.০০৩.২৪-৬৬

# বৃত্তি বিজ্ঞপ্তি

**বিষয় : ২০২৫-২৬ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির বিষয়ভিত্তিক পরীক্ষার জন্য বৃত্তির দরখাস্ত আহ্বান।**

দেশের বীমা শিল্পের জন্য ডিগ্রিধারী একচ্যুয়ারির সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির জন্য মডিউল ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বৃত্তি প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হচ্ছে:

১। আবেদনকারী যুক্তরাজ্যের Institute and Faculty of Actuaries, UK (IFoA-UK), Society of Actuaries, USA (SoA-USA) বা অন্য কোন দেশের সমমানের প্রতিষ্ঠানে নিবন্ধনকরত: বিষয়ভিত্তিক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থী এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন;

২। আবেদনকারী বিষয়ভিত্তিক পরীক্ষায় নিবন্ধন করার পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিবন্ধন ফি সংক্রান্ত Invoice বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করার পর এতৎসংক্রান্ত অর্থ পরিশোধ করা হবে;

৩। IFoA-UK, SoA-USA বা সমমানের কোন সোসাইটিতে ১(এক) বিষয়ে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পর ৫(পাঁচ) বছর পর্যন্ত **'একচ্যুয়ারিয়াল সাইন্স স্কলারশিপ তহবিল'** এর অর্থায়নে এক বিষয়ে সর্বোচ্চ ২ (দুই) বার বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে দ্বিতীয়বার পরীক্ষা দেয়ার পরও যদি কোন বিষয়ে কৃতকার্য না হোন, এক্ষেত্রে নিজ খরচে তৃতীয়বার পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তৃতীয়বারের পরীক্ষায় অংশগ্রহণপূর্বক কৃতকার্য শিক্ষার্থীর পরীক্ষার ফি উক্ত তহবিল থেকে পরবর্তীতে পুন:ভরণ করা হবে। তবে কোন অবস্থাতেই ৪র্থবার কোন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য **'একচ্যুয়ারিয়াল সাইন্স স্কলারশিপ তহবিল'** হতে বৃত্তি প্রদান করা হবে না;

৪। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত সরকারি প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি বীমা কোম্পানি (লাইফ/নন-লাইফ)-তে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে প্রার্থীগণ চাইলে আবেদনের অগ্রিম কপি নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে পারবেন;

৫। আগ্রহী প্রার্থীগণ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.fid.gov.bd ও www.idra.org.bd) থেকে আবেদনপত্রের ফরম ডাউনলোড করতে পারবেন;

৬। সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্টের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট এর সত্যায়িত কপি, IFoA, SoA-USA বা সমমানের প্রতিষ্ঠান হতে মডিউলভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের প্রমাণকসহ আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে;

৭। আবেদনের সময়সীমা আগামী **৩০ এপ্রিল, ২০২৫ তারিখ, বুধবার, বিকাল ০৫:০০** টা এবং

৮। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং পরিবর্ধন এবং যে কোন বৃত্তিপ্রাপ্ত ব্যক্তির আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।

(ড. দেলোয়ার হোসেন)
যুগ্মসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
সদস্য-সচিব, স্টিয়ারিং কমিটি
☎ ০২-৫৫১০১৩৮৭
ই-মেইল: js.insurance@fid.gov.bd